গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি

স্মারক নং : প্রাশিঅ/দা.পী./এসএফপি/বিবিধ (পার্ট-১)-১১/২০১১/৮৫০

তারিখ: ১২ জুন ২০১৩
২৯ জ্যৈষ্ঠ ১৪২০

বিষয়: স্কুল ফিডিং প্রকল্পের আওতায় সরবরাহকৃত পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট সংরক্ষণ, বিতরণ, রিপোটিং, কার্টুন বিক্রয় বিষয়ের করণীয় সম্পর্কীয়।

উপর্যুক্ত বিষয়টির প্রতি তাঁর ব্যক্তিগত মনযোগ আকর্ষণ করা হলো। তাঁর বিদ্যালয়টি দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচিভূক্ত। এ কর্মসূচি'র সফল বাস্তবায়ন নিশ্চিত-করণার্থে করণীয় বিষয় সম্পর্কে আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিকভাবে তাঁকে অবহিত করা হয়েছে। তারপরও কোন কোন বিদ্যালয়ের ক্ষেত্রে বাস্তবায়ন বিষয়ক করনীয় বিষয়সমূহ শতভাগ নিশ্চিত হচ্ছে না। যার কারণে অনিয়ম সংঘটিত হয়েছে-এমন বিদ্যালয়ে বিস্কুট বিতরণ কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করা হয়েছে।

২। বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি বৃদ্ধি, ঝরে পড়ার হার রোধ, শিক্ষার্থীকে শারীরিকভাবে সুস্থ রাখাসহ শিখন সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে স্কুল ফিডিং কর্মসূচি অনবদ্য ভূমিকা পালন করে চলেছে। এ প্রকল্পের সফল বাস্তবায়ন নির্ভর করছে তাঁর নিজের এবং তাঁর প্রতিষ্ঠানে কর্মরত অন্যান্য শিক্ষকমন্ডলীর আন্তরিকতা ও কর্তব্যপরায়নাতার উপর।

৩। এমতাবস্থায়, প্রকল্পের আওতায় সরবরাহকৃত পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট সংরক্ষণ, বিতরণ, রিপোটিং এবং বিস্কুটের খালি কার্টুন বিক্রয় বিষয়ক করণীয় সম্পর্কিত নির্দেশনা এতদ্‌সংগে তাঁর বরাবরে প্রেরণ করা হলো। প্রেরিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরনের জন্য তাঁকে বিশেষভবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ০২ (দুই) পাতা।

১২.০৬.১৩
বাবলু কুমার সাহা
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

প্রধান শিক্ষক

____

অনুলিপি (সদয় অবগতি/ সদয় অবগতি ও কার্যার্থে):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় (দৃষ্টি আকর্ষণ : জনাব ড. ইমতিয়াজ মাহমুদ, উপ-প্রধান, পরিকল্পনা।)
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ____________, বিভাগ।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ____________, জেলা।
৫. সুপারিনটেনডেন্ট, ____________, পিটিআই।
৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা, ____________ উপজেলা, ____________, জেলা।
৭. ইন্সট্রাকটর, ____________, ইউআরসি, ____________, জেলা।
৮. জনাব মোঃ রেজাউল করিম, প্রধান, প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন সেকশন, বিশ্ব খাদ্য কর্মসূচি, ঢাকা।
৯. জনাব মোঃ জহিরুল ইসলাম, সিনিয়র প্রোগ্রাম অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি (তাঁকে প্রণীত নির্দেশনা WFP এর অর্থায়নে পরিচালিত উপজেলাসমূহের প্রধান শিক্ষকবৃন্দের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)।
১০. জনাব শাহিদা আকতার, সিনিয়র প্রোগ্রাম অফিসার, পিএলইউ, বিশ্ব খাদ্য কর্মসূচি, ঢাকা।
১১. নির্বাহী পরিচালক, ____________________ (তাঁকে প্রণীত নির্দেশনা তাঁর কর্ম এলাকাধীন উপজেলার প্রধান শিক্ষকবৃন্দের মাঝে বিতরণের ব্যবস্থ্ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচী" শীর্ষক প্রকল্পের আওতায় সরবরাহকৃত পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট সংরক্ষন, বিতরণ, রিপোর্টিং এবং বিস্কুটের খালি কার্টুন বিক্রয়ের ক্ষেত্রে করণীয় বিষয়সমূহ :

বিস্কুট সংরক্ষণ বিষয়:

- বিস্কুট গ্রহনের সময় চালানে স্বাক্ষর করাসহ চালানের কপি বিদ্যালয়ে সংরক্ষন করতে হবে;
- বিস্কুটের চালানে সাক্ষর করার সময় থেকে বিস্কুটের গুনগত মান বজায় রাখা ও পরিমান মওজুদ রেজিষ্টার অনুযায়ী সঠিক রাখার দায়িত্ব স্কুল কর্তৃপক্ষের;
- Stock Register দৈনন্দিন ভিত্তিতে হালনাগাদ রাখতে হবে;
- বিস্কুটের কার্টুন পর্যাপ্ত আলো বাতাস প্রবেশ করে এমন কক্ষে সংরক্ষন করতে হবে। অপেক্ষাকৃত পরিচ্ছন্ন এবং শুষ্ক স্থানে মেঝে থেকে কিছুটা উচুঁ স্থানে বিস্কুটের সংরক্ষন বাঞ্ছণীয়;
- আলমারী কিংবা অন্যকোন বদ্ধস্থানে বিস্কুট সংরক্ষন করা যাবেনা;
- পরবর্তী মাসের বিস্কুট ষ্টোরে রাখার পূর্বে চলতি মাসের ব্যালেন্স নিশ্চিত করে সে অনুযায়ী Stock Register হালনাগাদ করতে হবে;
- আগের মওজুদ বিস্কুট আগে ব্যবহার নিশ্চিত করতে হবে;
- বিস্কুট সংরক্ষনের স্থান নিয়মিত পর্যবেক্ষনে রাখাসহ পরিস্কার রাখতে হবে।

বিস্কুট বিতরণ সংক্রান্ত :

- শুধুমাত্র ভর্তিকৃত এবং উপস্থিত ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রতি স্কুল দিবসে বিস্কুট বিতরন করতে হবে;
- স্কুল শুরুর প্রথম ক্লাশেই বিস্কুট বিতরন করতে হবে;
- ছাত্র-ছাত্রীদের এই মর্মে প্রতিনিয়ত উৎসাহিত করতে হবে-যাতে করে স্কুলে থাকাকালীন সময়ে প্রতিক্লাস শেষে ২টি/৩টি করে বিস্কুট খায় এবং পর্যাপ্ত নিরাপদ পানি পান করে;
- কোন অবস্থাতেই ছাত্র-ছাত্রীরা সরবরাহকৃত বিস্কুট বাড়িতে নিয়ে যেতে পারবেনা এমন বিষয়টি নিশ্চিত করতে হবে;
- হাজিরা খাতার সাথে Stock Register এর মিল থাকতে হবে;
- হাজিরা খাতা এবং Stock Register মনিটরিং এর সময় প্রদর্শন করতে হবে।
- কোন অবস্থাতেই ভর্তিকৃত এবং বিদ্যালয়ের উপস্থিত শিক্ষার্থী ব্যতিত অন্য কোন ভাবে বিস্কুট ব্যবহার করা যাবে না।

রিপোর্টিং বিষয়ক:

- মাসিক প্রতিবেদন (MUR) তৈরীতে Attendance Card এবং Stock Register এর হালনাগাদ তথ্য ব্যবহার করতে হবে;
- নির্ধারিত তারিখের (প্রতি মাসের প্রথম কর্মদিবস) মধ্যে সংশ্লিষ্ট NGO কর্মীর কাছে মাসিক রিপোর্ট এবং Attendance Card প্রদান করতে হবে;
- মাসিক রিপোর্টের অফিস কপি বিদ্যালয়ে সংরক্ষন করতে হবে।

বিস্কুটের খালি কার্টুন বিক্রয় সংক্রান্ত :

- প্রধান শিক্ষক সহকারী শিক্ষকবৃন্দের সহায়তায় বিস্কুটের খালি কার্টুন বিক্রয়রে ব্যবস্থা করবেন।
- কার্টুন বিক্রয়লব্ধ অর্থ দ্বারা নিরাপদ পানীয় জলের ব্যবস্থা, বিদ্যালয়ের আঙিনাসহ টয়লেট পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং সব্জি বাগান সৃজন সংক্রান্ত কাজে ব্যয় নিশ্চিত করবেন।
- বিস্কুটের খালি কার্টুনের বিক্রয়লব্ধ অর্থের যথাযথ হিসাব সংরক্ষণের জন্য একটি রেজিস্টার ব্যবহার করতে হবে এবং সময়ে সময়ে বিষয়টি এস এম সি কে অবহিত রাখতে হবে।

কোন বিদ্যালয়ে স্কুল ফিডিং কর্মসূচী বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা প্রতিপালনের ক্ষেত্রে ব্যত্যয় ঘটলে কিম্বা অনিয়ম হলে সে স্কুলে বিস্কুট বিতরণ কার্যক্রম স্থগিত করা হবে।

স্কুল ফিডিং কার্যক্রমের সফল বাস্তবায়ন নিশ্চিতকরনার্থে নিজে মনিটর করুন এবং মনিটরিং এর দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করুন।